দৈনিক সংবাদ

তারিখ 08 JUL 1986
পৃষ্ঠা … কলাম … 3

048

# নরসিংদীতে প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা সুষ্ঠু শিক্ষালাভে বঞ্চিত হচ্ছে

নরসিংদী, ৭ই জুলাই (নিজস্ব সংবাদদাতা)।—নরসিংদী জেলার প্রাথমিক শিক্ষাঙ্গনে নানাবিধ সমস্যা বিরাজ করছে। ফলে ছাত্র-ছাত্রীরা সুষ্ঠু শিক্ষা লাভ থেকে বঞ্চিত হচ্ছে।

জেলার প্রাথমিক বিদ্যালয়গুলোর মধ্যে শতাধিক বিদ্যালয় জরাজীর্ণ অবস্থায় পৌঁছেছে। এগুলোর ছাদ চুইয়ে পানি পড়া, প্লাষ্টার খসে পড়া নিত্য ঘটনা হয়ে দাঁড়িয়েছে। শিবপুর উপ-জেলার ঘাসিরদিয়া, নোয়াদিয়া, সালুরদিয়া, বংশিদিয়া আশ্রব-পুর প্রভৃতি বিদ্যালয়ে গেলে জরাজীর্ণ প্রাথমিক বিদ্যালয়গুলোর প্রকৃত অবস্থার চিত্র পাওয়া যায়। বিদ্যালয়গুলো মাথা উঁচু করে দাড়িয়ে আছে ঠিকই কিন্তু কখন না জানি ধসে পড়ে বিয়োগান্তক ঘটনার সৃষ্টি হয়—এই আশংকায় এর মধ্যে কেউ যেতে চায় না।

একই উপজেলার '১শ' ১১টি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে ৩০টি দীর্ঘদিন যাবৎ বিংবস্ত অবস্থায় পড়ে আছে। একইভাবে বিংবস্ত হয়েছে জেলার কারারচর, পুড়ানচর, খিলগাও, আমদিয়া, প্রাথমিক বিদ্যালয়গুলো। এসব বিদ্যালয়ের আসবাবপত্র সবই দেয়াল ও ছাদ চাপা পড়ে নষ্ট হয়ে গেছে। ফলে দীর্ঘদিন ধরে এখানে ক্লাস হয় না। ছাত্র-ছাত্রীরা শিক্ষার সুযোগ থেকে বঞ্চিত হয়ে লেখাপড়ার সময়টা খেলাধুলায় মেতে থাকে।

সৈয়দনগর, দড়িপাড়া, সালুরদিয়া, বংশিরদিয়া, ছোট রামচন্দ্রধী, সাতপাইকা, চান্দের-টেকসহ ২৫টি বিদ্যালয়ের দরজা-জানালা, দেয়াল-বেড়া কিছুই নেই। কোন আসবাবপত্র নেই ২শ' বিদ্যালয়ে। আসবাবপত্র-বিহীন বিদ্যালয়গুলোতে দাঁড়িয়ে অথবা মাটিতে বসে ক্লাস চলে। এতে করে সুষ্ঠু শিক্ষাদান হচ্ছে ব্যাহত।

শিবপুর উপজেলার ১৪টি স্কুল রেজিষ্ট্রেশন পেয়েছে এক যুগ আগে। কিন্তু আজো সরকারীকরণ করা হয়নি। আর তাই শিক্ষকগণ বেতনাদি না পাওয়ায় ঠিকমতো আর ক্লাস করেন না। এতে ওইসব বিদ্যালয় ক্রমেই ছাত্রশূন্য হয়ে পড়ছে।